সমকাল

তারিখ 06 AUG 2015
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

# পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ নির্ধারণ

■ শেকৃবি প্রতিনিধি

প্রস্তাবিত অষ্টম জাতীয় বেতন স্কেলে শিক্ষকদের অমর্যাদা করায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা। গতকাল বুধবার রাতে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে (শেকৃবি) পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সংগঠন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের ২৪৪তম সভায় এ উদ্বেগ প্রকাশ করা হয়। এ ছাড়া এই সভায় ২০১৫-১৬ শিক্ষাবর্ষের দেশের ৩৪টি সরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে প্রায় অধিকাংশেরই ভর্তি পরীক্ষার সাম্ভাব্য তারিখ চূড়ান্ত করা হয়েছে।

এর মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ৯. ১০. ১৬. ১৭. ৩০ অক্টোবর ও ৬ নভেম্বর: জগন্নাথ বিশ্ববিদ্যালয়-ঢাকা বিশ্ববিদ্যালয় পরের দিন. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়-গাজীপুর ১৪ নভেম্বর. বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ৫ ডিসেম্বর. শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ১৮ ডিসেম্বর. সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় ২৮ নভেম্বর. চট্টগ্রাম ভেটেরিনারি ও অ্যানিমেল সায়েন্স

■ পৃষ্ঠা ১৫ : কলাম ৫

## পাবলিক বিশ্ববিদ্যালয়ে

[তৃতীয় পৃষ্ঠার পর]

বিশ্ববিদ্যালয় ৭ নভেম্বর. বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস ২৩. ২৪. ৩০ ও ৩১ অক্টোবর. কুমিল্লা বিশ্ববিদ্যালয় ৪ ও ৫ ডিসেম্বর. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ২৫ অক্টোবর থেকে ৫ নভেম্বর. রাজশাহী বিশ্ববিদ্যালয় ৯ থেকে ১২ নভেম্বর. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ১ থেকে ৯ নভেম্বর. ইসলামী বিশ্ববিদ্যালয় ১৫ থেকে ১৯ নভেম্বর. জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় ৯ থেকে ১২ নভেম্বর. বরিশাল বিশ্ববিদ্যালয় ২৭ ও ২৮ নভেম্বর. বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় ৪. ৫ ও ৬ ডিসেম্বর. খুলনা বিশ্ববিদ্যালয়. ১১ ও ১২ ডিসেম্বর. জাতীয় বিশ্ববিদ্যালয়. ১ অক্টোবর. বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ১০ বা ১৭ অক্টোবর. চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ৩১ অক্টোবর, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ১৪ নভেম্বর. খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ৬ নভেম্বর. বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় ২০ অথবা ২৭ নভেম্বর. পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ১৩ নভেম্বর. হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় দিনাজপুর ৩০ নভেম্বর ও ১ থেকে ৩ ডিসেম্বর. শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ১৪ নভেম্বর. যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ২০ ও ২১ নভেম্বর. মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ২৭ ও ২৮ নভেম্বর. পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ১৩ ও ১৪ ডিসেম্বর. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ২০ ও ২১ নভেম্বর ভর্তি পরীক্ষার সাম্ভাব্য তারিখ হিসেবে নির্ধারণ করা হয়েছে বলে সভা সূত্র জানিয়েছে। সভায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের সভাপতি ও হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. রুহুল আমিনের সভাপতিত্বে অন্যদের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন অর রশীদ. শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. শাদাত উল্লা. বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামরুল হাসান. জাবি উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম. জবি উপাচার্য প্রফেসর ড. মীজানুর রহমান. রাবি উপাচার্য প্রফেসর মোহাম্মদ মিজানুদ্দিনসহ ২৬টি বি[illegible]য়ের উপাচার্যরা উপস্থিত ছি[illegible]ন।